নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী -৩৮১৪

Phone:880-321-62598,Fax:880-321-62788 E mail: info@nstu.edu.bd,Website:www.nstu.edu.bd

২৮ ফেব্রুয়ারি ২০২১

প্রাপক
অধ্যক্ষ
নোয়াখালী সরকারি কলেজ
নোয়াখালী।

বিষয়: ৭ই মার্চ উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।

জনাব,

অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ৭ই মার্চ, ২০২১ জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষে কলেজ পর্যায়ের শিক্ষার্থীদের মধ্যে রচনা প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ প্রতিযোগিতায় আপনার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ আমাদের আয়োজনকে সুন্দর ও সফল করবে বলে আমরা বিশ্বাস করি। অনুগ্রহ করে আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের এ বিষয়ে অবহিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার আন্তরিক অনুরোধ জানাচ্ছি।

রচনার বিষয়: **৭ই মার্চের ভাষণ: একটি তর্জনীর নির্দেশ ও বাংলাদেশের স্বাধীনতা**

শব্দসীমা: সর্বোচ্চ ১৫০০ শব্দ

জমা দেওয়ার তারিখ: ০৪ মার্চ, ২০২১ (বৃহস্পতিবার দুপুর ২টার মধ্যে)

জমা দেয়ার স্থান: রুম নং-২০২,অডিটোরিয়াম-২য় তলা
জনাব মেহেদী হাসান (নিশান)
শাখা কর্মকর্তা
ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ
নোবিপ্রবি

ধন্যবাদান্তে
28.02.2021

আফসানা মৌসুমী
সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান, ইংরেজি বিভাগ
পরিচালক, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ
ও আহ্বায়ক, সংশ্লিষ্ট বিষয়ে গঠিত কমিটি, নোবিপ্রবি